



জুভেন্টাসকে হারিয়ে চ্যাম্পিয়নস লিগে রিয়ালের টানা তিন জয়



সংগৃহীত ছবি

উয়েফা চ্যাম্পিয়নস লিগে অপরাজিত অগ্রযাত্রা অব্যাহত রাখল রিয়াল মাদ্রিদ। বুধবার রাতে সান্তিয়াগো বার্নাব্যুতে ইংলিশ তারকা জুড বেলিংহামের একমাত্র গোলে জুভেন্টাসকে ১-০ ব্যবধানে হারিয়ে লিগ পর্বে টানা তৃতীয় জয় তুলে নিয়েছে লস ব্লাঙ্কোস।

দুই ইউরোপিয়ান জায়ান্টের লড়াই ছিল প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ও উত্তেজনাপূর্ণ। ম্যাচের শুরু থেকেই দুই দলই তৈরি করেছিল বেশ কিছু দারুণ সুযোগ। তবে প্রথমার্ধে গোলদেখা পায়নি কেউই। রিয়ালের খিবো কোর্তোয়া ও জুভেন্টাসের ডি গ্রোগোরি ছিলেন অনন্য, একের পর এক সেভে রুখে দেন প্রতিপক্ষের আক্রমণ।

বিরতির পর আরও আক্রমণাত্মক হয়ে ওঠে রিয়াল। ম্যাচের ৫৭ মিনিটে আসে কাক্ষিত গোলটি। বাম দিক থেকে ভিনিসিয়াস জুনিয়রের গতিময় ড্রিবল ও শট গোলপোস্টে লেগে ফিরে এলে বলটি ঠাণ্ডা মাথায় জালে জড়িয়ে দেন বেলিংহাম। এই গোলেই জয় নিশ্চিত হয় কার্লো আনচেলত্তির দলের।

শেষ দিকে জুভেন্টাস মরিয়া হয়ে সমতা ফেরানোর চেষ্টা করলেও রিয়ালের রক্ষণভাগ ছিল দৃঢ় ও সংগঠিত। শেষ পর্যন্ত বেলিংহামের সেই একমাত্র গোলেই তিন পয়েন্ট তুলে নিয়ে শীর্ষস্থান আরও মজবুত করে ইউরোপের ১৪ বারের চ্যাম্পিয়নরা।

রিয়ালের হয়ে মৌসুমের প্রথম গোল পাওয়ার পর বেলিংহাম বলেন, “এই জার্সি গায়ে গোল করা সবসময় বিশেষ অনুভূতি। দল জিতেছে, সেটাই সবচেয়ে গুরুত্বপূর্ণ।”